

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

ওয়েবসাইট: www.bb.org.bd

বিএফআইইউ সার্কুলার লেটার নং-৫/২০১৪

তারিখ : ১৪ পৌষ, ১৪২১
২৮ ডিসেম্বর, ২০১৪

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক

সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

৩০ এপ্রিল, ২০০২ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের KYC Procedures সম্প্লাকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২৩ ফেব্রুয়ারী, ২০১০ তারিখে জারীকৃত এ এম এল সার্কুলার নম্বর-২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এ এম এল সার্কুলার নম্বর-২৩ এ ২৪ জুলাই, ২০০৫ তারিখে জারীকৃত এ এম এল সার্কুলার নম্বর-৬ এর সূত্রে ৩০ এপ্রিল, ২০০২ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের KYC Procedures যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক অর্থাৎ সংশ্লিষ্ট হিসাবের গ্রাহকের সাথে যথাযথভাবে পত্র পাঠিয়ে এবং অন্যান্যভাবে যোগাযোগ করে ৩১ মার্চ, ২০১০ তারিখের মধ্যে সম্প্লাক করা এবং যেসব হিসাবের KYC Procedures সম্প্লাক করা সম্ভব হবে না সে সকল হিসাব ৩১ মার্চ, ২০১০ তারিখের পর 'সুপ্ত' (Dormant) হিসেবে চিহ্নিত করার নির্দেশনা প্রদান করা হয়। এসকল 'সুপ্ত' হিসাব হতে গ্রাহকের কোন অর্থ উত্তোলন করতে পারবেন না তবে জমা করতে পারবেন এবং শাখা ব্যবস্থাপকের নিকট গ্রাহকের আবেদনের ভিত্তিতে ব্যাংক KYC Procedures সম্প্লাকরণের মাধ্যমে হিসাব নিয়মিত করতে পারবেন বলে নির্দেশনা প্রদান করা হয়।

৩। ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ব্যাংক এ ইউনিটের (পূর্বতন মানিলভারিং প্রতিরোধ বিভাগ) বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ না করে ৩০ এপ্রিল, ২০০২ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের মধ্যে KYC Procedures সম্প্লাক না করা হিসাবসমূহ 'সুপ্ত' (Dormant) হিসেবে চিহ্নিত করার পরিবর্তে বন্ধ করে দিচ্ছে যা এ এম এল সার্কুলার নম্বর-২৩ এর নির্দেশনার লংঘন।

৪। বর্ণিত প্রেক্ষাপটে এ এম এল সার্কুলার নম্বর-২৩ এর নির্দেশনার যথাযথ পরিপালনের জন্য এবং ব্যাংকিং রীতি-নীতির বাইরে কোন হিসাব বন্ধ না করার জন্য নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

৫। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নাসিরুজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১১৮

প্রতিলিপি নং- বিএফআইইউ (পলিসি)-৪/২০১৪-৭৬৪

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

১. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিবাল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৩. গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ ইনসিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
৮. মহাসচিব, দি ইনসিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২ কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৮২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১০. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।



(মোহাম্মদ আবদুর রহমান)

উপ পরিচালক

ফোন : ৯৫৩০০১০-৭৫/২৪৯৩